

সি পি আই (এম) ত্রিপুরা রাজ্য সম্পাদকমন্ডলীর
পক্ষ থেকে নিম্নলিখিত বিবৃতি দেয়া হয়েছেঃ

তারিখ-২ জুলাই, ২০১৭

আজকের (২রা জুলাই)র স্থানীয় আজকের ফরিয়াদ পত্রিকার প্রথম পৃষ্ঠায় 'প্রসঙ্গ : রোজভ্যালি : দ্বিতীয় দফায় শক্তিশালী হানার প্রস্তুতিতে সি বি আই' শিরোনামে প্রকাশিত প্রতিবেদনটি রাজ্য সম্পাদকমন্ডলীর দৃষ্টিতে এসেছে।


প্রতিবেদনটিতে উল্লেখ করা হয়েছে 'শাসক দলের এক প্রভাবশালী নেতাকে সি বি আই দলীয় মুখপত্র ভবনে গত ১৬ জুন টানা জিজ্ঞাসাবাদ করেছে'.....। প্রভাবশালী নেতার নাম উল্লেখ না করলেও এটা স্পষ্ট যে এটা পার্টির কেন্দ্রীয় কমিটির সদস্য গৌতম দাশকে লক্ষ্যের মধ্যে রেখেই প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে। কারণ গৌতম দাশ নিজেই গতকাল বিবৃতি দিয়ে সি বি আই'র অফিসাররা তাঁর সাথে কথাবার্তা বলেছে বলে জানিয়েছেন।

আজকের ফরিয়াদ পত্রিকার প্রতিবেদনে গৌতম দাশ সম্পর্কে বলা হয়েছে 'রাজ্যের বহু দুর্নীতির সঙ্গে যুক্ত এবং মুখ্যমন্ত্রীর স্নেহছায়ায় তিনি নিজেকে রক্ষা করে চলেছেন'। এই বক্তব্য সম্পূর্ণ মিথ্যা ও মানহানিকর এবং পার্টির ভাবমূর্ত্তিকে কলঙ্কিত করার পত্রিকাটির ধারাবাহিক অপপ্রচার ও কুৎসার অঙ্গ।

প্রতিবেদনটিতে গৌতম দাশ সম্পর্কে আরও বলা হয়েছে, 'রেগা থেকে রবীন্দ্র পুরস্কার পর্যন্ত.... এবং রাজ্যের জি নেট কেলেঙ্কারি, ভিডিওকন কেলেঙ্কারি, সুপার স্পেশালিটি কেলেঙ্কারি হয়ে রোজভ্যালি কেলেঙ্কারি পর্যন্ত বহু কাণ্ডে তার নাম সামনে চলে এলেও দল ছিল নির্বিকার।'

এসব অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন এবং গৌতম দাশের চরিত্র হননের ঘৃণ্য অপচেষ্টা।

সি পি আই (এম) রাজ্য সম্পাদকমন্ডলী আজকের ফরিয়াদ পত্রিকাকে এসব অভিযোগের প্রমাণ দেয়ার জন্য চ্যালেঞ্জ জানাচ্ছে। সি পি আই (এম)র পরিচ্ছন্ন ভাবমূর্ত্তি জনসমক্ষে হেয় করার উদ্দেশ্যেই কেন্দ্রীয় কমিটির সদস্যের বিরুদ্ধে এই কুৎসা করা হয়েছে।



সি পি আই (এম)

রাজ্য দপ্তরের পক্ষে

প্রতি

বার্তা সম্পাদক/সংবাদ প্রতিনিধি

, আগরতলা

বিবৃতিটি প্রচার/প্রকাশের জন্য পাঠানো হলো।